

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ম : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,  
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯৬/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ৩০ জানুয়ারি, মঙ্গলবার ২০২৪, ১৬ মাঘ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। আজ থেকে বৃষ্টির আভাস, হতে পারে চার দিন
- ০২। দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আজ থেকে শুরু
- ০৩। রোজা সামনে রেখে ০৪ পণ্যে শুল্কহার কমানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
- ০৪। পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে সংশোধন করা হবে বলে জানালেন শিক্ষামন্ত্রী

**০১। আজ থেকে বৃষ্টির আভাস, হতে পারে চার দিন**

মঙ্গলবার (৩০ জানুয়ারি) থেকে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। পরবর্তী ৪-৫ দিন হতে পারে বৃষ্টি। একই সঙ্গে আগামী কয়েক দিন শীতের প্রকোপ ক্রমেই কমবে বলেও জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। দেশের বিভিন্ন অঞ্চল থেকে শৈত্যপ্রবাহ ক্রমাগতই দূর হতে পারে বলে জানানো হয়েছে। বুধবার (৩১ জানুয়ারি) খুলনা, ঢাকা, ময়মনসিংহ এবং সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি হতে পারে। ঐদিন সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে বলে জানানো হয়। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

**০২। দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আজ থেকে শুরু**

দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আজ মঙ্গলবার (৩০ জানুয়ারি) থেকে শুরু হচ্ছে। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বিকাল তিনটায় জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেবেন। এটি ২০২৪ সালেরও প্রথম অধিবেশন। সংসদীয় রীতির সাথে সামঞ্জস্য রেখে রাষ্ট্রপতি প্রতিবছর সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেন। এরপূর্বে, সংবিধানের ৭২(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে ২০২৪ সালের প্রথম সংসদ অধিবেশন আহ্বান করেন রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ ও দৈনিক সবুজ।

**০৩। রোজা সামনে রেখে ০৪ পণ্যে শুল্কহার কমানোর নির্দেশ প্রধানমন্ত্রীর**

পবিত্র রমজানকে সামনে রেখে ০৪ পণ্যের শুল্কহার কমানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পণ্য চারটি হলো- ভোজ্যতেল, খেজুর, চিনি ও চাল। সোমবার (২৯ জানুয়ারি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে সচিবালয়ে ব্রিফিং-এ মন্ত্রীপরিষদ সচিব মো. মাহবুব হোসেন এ তথ্য জানান। কি পরিমাণ কমানো হবে জানতে চাইলে তিনি জানান, সেটি এনবিআর হিসাব করে দেখবে। যাতে করে দ্রব্যমূল্যের চাপটা মানুষের উপর কম থাকে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও আজকের বাংলাদেশ।

**০৪। পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে সংশোধন করা হবে বলে জানালেন শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী জানিয়েছেন, নতুন পাঠ্যপুস্তকে বিভ্রান্তিকর কিছু থাকলে তা সংশোধন করা হবে। তিনি শিক্ষাক্রমের বিরোধিতার নামে অপরাধনীতি না করার আহ্বান জানান। তিনি বলেন, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) মাদ্রাসা শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করা হবে। সোমবার (২৯ জানুয়ারি) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে স্বাধীনতা মাদ্রাসা শিক্ষক পরিষদের সঙ্গে এক মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** এ দেশের নদীর অস্তিত্বের সঙ্গে জীবনযাত্রা ওতপ্রোতভাবে জড়িত। যদিও নদীমাতৃক বাংলাদেশ কালের আবর্তে দখল, দূষণ, উজান থেকে আসা পলির কারণে নদীমাতৃক পরিচয়টি হারিয়ে যাচ্ছে। তাই নদী সংস্কারের মাধ্যমে বাঁচিয়ে তুলতে হবে। এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ না নিলে বড় ধরনের বিপর্যয় ঘটে যেতে পারে।
- (খ) **দৈনিক নিউ টাইমস:** রাজধানীর মোট জনসংখ্যার হিসাবে প্রায় ৭০ থেকে ৭৫ ভাগ লোক ভাড়া বাসায় থাকেন। কিন্তু বাস্তবতার প্রয়োজনে নানা বিলম্বনাকে সঞ্জী করে ভাড়া বাসায় থাকছে মানুষ। এজন্য প্রয়োজনে বাড়ি ভাড়া আইন পুরোপুরি কার্যকর করার কর্তৃপক্ষীয় ব্যবস্থা এবং প্রয়োজনীয় নতুন আইন করা। সূত্র: দৈনিক সবুজ।
- (গ) **দৈনিক স্বদেশ সংবাদ:** বাবা- মায়ের বিবাহ বিচ্ছেদ বা একাধিক বিয়ে, তাদের মৃত্যু, পারিবারিক অশান্তি শারীরিক, মানসিক ও যৌন নির্যাতন, নদী ভাঙ্গন, হারিয়ে যাওয়া নানা কারণে বাড়ি থেকে বিচ্ছিন্ন হয়ে শিশুরা পরিণত হয় পথশিশুতে। পথ শিশুদের পুনর্বাসন এবং তাদের অধিকার আদায়ের জন্য সরকারি বেসরকারি অনেক সংস্থা ও সংগঠন থাকলেও কার্যকারী পদক্ষেপের অভাবে এখনো রাস্তায় দেখা যায় এসব পথ শিশুদের। এসব শিশুদের রক্ষা করতে সবাইকে একযোগে কাজ করতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে কৃষি কাজে লাগাতে হবে অভিযোজন তহবিল-মৃত্যুঞ্জয় রায়। সূত্র: আজকের বাংলাদেশ।
- ০২। বিনিয়োগ ও কূটনৈতিক সম্ভাবনার নতুন দিগন্ত-মো. সাখাওয়াত হোসেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।